



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেইল : dmfwestbengal@gmail.com

তারিখ ৭ই জুন ২০২১

শ্রী / শ্রীমতী

মাননীয় বিধায়ক,

..... ,

.....

বিষয়ঃ ক্ষুদ্র মৎস্যজীবী সম্প্রদায়ের দাবিগুলি সমর্থন করার ও তুলে ধরার জন্য
নবনির্বাচিত বিধায়কদের প্রতি আবেদন

মহাশয় / মহাশয়া,

পশ্চিমবঙ্গ রাজ্য বিধানসভার ২০২১ সালের নির্বাচনে বিধায়ক হিসেবে নির্বাচিত হওয়ার জন্য আপনাকে ক্ষুদ্র মৎস্যজীবীদের সংগঠন দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম এবং উত্তরবঙ্গ মৎস্যজীবী ফোরামের পক্ষ থেকে হার্দিক অভিনন্দন জানাই।

আপনি নিশ্চিত অবগত আছেন যে মাছ ধরা, মাছ চাষ, মাছ বিক্রি ও মাছ বাছাই বা শুকানোর কাজে যুক্ত ক্ষুদ্র মৎস্যজীবী সম্প্রদায়গুলি সমুদ্র, নদী, খাল, জলাধার, জলাভূমি ও পুকুর ইত্যাদি জলাশয়গুলির সবথেকে বড় প্রাথমিক ও অবিনাশকারী দায়ভাগী এবং স্বাভাবিক রক্ষক। কারণ ভালো জল ছাড়া ভালো মাছ হয় না। মাছে-ভাতে বাঙালি। পশ্চিমবঙ্গের ৪০ লক্ষের উপর ক্ষুদ্র মৎস্যজীবী রাজ্যের খাদ্য সুরক্ষা ও পৌষ্টিক মান বজায় রাখায় অনন্য ভূমিকা পালন করছেন।

ক্ষুদ্র মৎস্যজীবীদের পক্ষ থেকে আমরা জনপ্রতিনিধি হিসেবে আপনার কাছে ক্ষুদ্র মৎস্যজীবীদের জীবন-জীবিকার সুরক্ষায় বিধানসভার ভিতরে ও বাইরে নিম্নলিখিত দাবিগুলিকে সমর্থন করার ও তুলে ধরার জন্য আবেদন করছি –

- জলাশয় এবং মৎস্যসম্পদের উপর ক্ষুদ্র মৎস্যজীবী সম্প্রদায়ের অবিচ্ছেদ্য অধিকারের স্বীকৃতি – সমুদ্র, নদী, খাল, বিল সহ সব প্রাকৃতিক জলাশয়ে সুস্থায়ীভাবে মাছ ধরার আইনি অধিকার।
- সরকারি জলাশয়গুলিতে স্থানীয় ও জলাশয়ের উপর নির্ভরশীল মৎস্যজীবীদের মাছ ধরা বা চাষ করার পাট্টা দেওয়া, লিজ প্রথা বন্ধ করা।
- ব্যক্তিগত জলাশয়ের ক্ষেত্রে লিজের ভাড়া নিয়ন্ত্রণ করা এবং উচ্ছেদের বিরুদ্ধে মৎস্যচাষীর সুরক্ষা।



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং – ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় – ২০/৪ শিল লেন, কলকাতা – ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স – ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেইল : dmfwestbengal@gmail.com

- সামুদ্রিক ও অভ্যন্তরীণ মৎস্যক্ষেত্রে প্রতিটি মৎস্যজীবীর সরকারি পরিচয়পত্র এবং প্রতিটি মাছ ধরা নৌকার নিবন্ধীকরণ (registration)।
- জলাশয় এবং মৎস্যসম্পদকে প্রভাবিত করে এমন সমস্ত নীতি ও ক্রিয়াকলাপের উপর ক্ষুদ্র মৎস্যজীবী সম্প্রদায়ের নিয়ন্ত্রণ ও হস্তক্ষেপের অধিকার স্বীকৃতি।
- সামুদ্রিক মৎস্যসম্পদ আহরণে যান্ত্রিক মৎস্যশিকারীদের থেকে ক্ষুদ্র মৎস্যজীবী সম্প্রদায়ের অগ্রাধিকারের স্বীকৃতি।
- যান্ত্রিক মৎস্যশিকার যান দ্বারা অতিরিক্ত ও ধ্বংসাত্মক মৎস্যশিকার বন্ধ করা। বটম ট্রলিং, পার্স সিইনিং, এল.ই.ডি লাইট ও মৎস্যসন্ধানী যন্ত্রের সাহায্যে মাছ ধরা সম্পূর্ণ নিষিদ্ধ করা। মশারি জাল, বিষ, ইলেকট্রিক ও ডিনামাইট দিয়ে মাছ ধরা সম্পূর্ণ বন্ধ করা।
- সমুদ্র, নদী, হ্রদ, জলাধার, জলাভূমি ও পুকুর সহ সমস্ত জলাশয়ের জ্বরদখল ও দূষণ বন্ধ করা।
- ক্ষুদ্র মৎস্যজীবী সম্প্রদায়গুলিকে আর্থিক সহায়তা, পরিকাঠামো, প্রযুক্তি এবং সামাজিক নিরাপত্তা প্রদান;
- লিঙ্গ ন্যায় বিধান – মহিলা মৎস্যকর্মীদের বিভিন্ন প্রয়োজন মেটাতে একটি সর্বার্থসাধক বিশেষ প্রকল্প চালু করা এবং মৎস্যজীবীদের জন্য চালু বিভিন্ন সাধারণ প্রকল্পগুলিতে মহিলা মৎস্যকর্মীদের অগ্রাধিকার সুনিশ্চিত করা।
- জীবন বিমা, দুর্ঘটনা বিমা, চিকিৎসা বিমা, জাল-নৌকার বিমা, মাছ চাষের বিমা, বার্ষিক্য ও অক্ষমতা ভাতা, বিধবা ভাতা, ছেলে-মেয়ের শিক্ষা ভাতা সহ ক্ষুদ্র মৎস্যজীবীদের জন্য সর্বার্থসাধক সামাজিক সুরক্ষা প্রকল্প সুনিশ্চিত করা।

জল বাঁচাও – মাছ বাঁচাও – মৎস্যজীবী বাঁচাও

✿ ক্ষুদ্র মৎস্যজীবীদের অবস্থান ও দাবি-দাওয়া সম্পর্কে অধিকতর অবগতির জন্য এই পত্রের সাথে ‘মিশন স্টেটমেন্ট’ সংযোজিত করা হল।

মিলন দাস
সাধারণ সম্পাদক,
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

মানিক দাস
মুখ্য সংগঠক,
উত্তরবঙ্গ মৎস্যজীবী ফোরাম